

নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত পদে স্থায়ীভাবে নিয়োগের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড	বয়স	পদ সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত তথ্য
০১	পিএ টু ভিসি	বেতন স্কেল : ১২৫০০-৩০২৮০/- গ্রেড-১১	অনূর্ধ্ব- ৩০ (ত্রিশ) বৎসর মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বৎসর	০১ জন	১. বিশ্ববিদ্যালয়ের চৌহাট্টাস্থ অস্থায়ী ক্যাম্পাসে সরাসরি নিজে/প্রতিনিধির মাধ্যমে যোগাযোগ করে যোগ্যতা সম্বলিত তথ্য সংগ্রহ করা যাবে।
০২	হিসাব রক্ষক	বেতন স্কেল : ১২৫০০-৩০২৮০/- গ্রেড-১১	অনূর্ধ্ব- ৩০ (ত্রিশ) বৎসর মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বৎসর	০১ জন	২. নগদ ৫০/- (পঞ্চাশ) টাকা প্রদানের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।
০৩	স্টোর কিপার	বেতন স্কেল : ১০২০০-২৪৬৮০/- গ্রেড- ১৪	অনূর্ধ্ব- ৩০ (ত্রিশ) বৎসর মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে ৩২ (বত্রিশ) বৎসর	০১ জন	

শর্তাবলী:

১. বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তর হতে আবেদনপত্র সংগ্রহপূর্বক নিজ হাতে পূরণ করে প্রার্থীকে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি ও ০৮ (আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (NID), জন্মনিবন্ধন সনদপত্রের কপি আবেদনপত্রের প্রতিটি সেটের সাথে সংযুক্ত করতে হবে। শিক্ষা জীবনে কোন পাবলিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
৩. বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমে আবেদনপত্র দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/তথ্য প্রদান না করা/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন/২নং শর্তে বর্ণিত কোন সনদপত্র/কাগজপত্র প্রদান না করলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৪. প্রার্থীকে আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বরাবরে “জনতা ব্যাংক” আম্বরখানা শাখার অনুকূলে উপরোক্ত ছকে উল্লেখিত প্রত্যেক পদের জন্য ৪০০/- টাকা (চারশত) মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. নির্ধারিত আবেদন ফরম নিজ হাতে যথাযথভাবে পূরণপূর্বক ০৮/০৭/২০২১ইং হতে ২৫/০৭/২০২১ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা থেকে দুপুর ২.৩০ ঘটিকা) ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/হাতে হাতে জমা/পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. আবেদনকারীর বয়স আবেদনের শেষ তারিখে উল্লেখিত সর্বনিম্ন/অনূর্ধ্ব (প্রযোজ্য ক্ষেত্রে) বয়সসীমার মধ্যে হতে হবে।
৭. অভ্যন্তরীণ/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে এক/একাধিক শর্ত শিথিলযোগ্য এবং সকল ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
৮. চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৯. অভিজ্ঞতা বলতে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/স্বীকৃত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতাকে বুঝাবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান/নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদপত্র দাখিল করতে হবে।
১০. বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা (পদ থাকা সাপেক্ষে) কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১১. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১২. আবেদনপত্রের খামের উপর পদের নাম, প্রেরকের নাম, যোগাযোগের ঠিকানা ও মোবাইল নম্বর যথাযথভাবে লিখতে হবে।
১৩. সংযুক্ত সকল সনদপত্র, ছবি ইত্যাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।